

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ / ০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৫৭-আইন/২০২১/১৫৪-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫ ও ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ ও কর পরিশোধ) বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার বিধি ৫ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৫ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“৫। পণ্য ক্রয়, আমদানি ও সরবরাহ।- কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত ব্যক্তিকে কেন্দ্রীয় ইউনিটের নাম, ঠিকানা ও নিবন্ধন নম্বর ইত্যাদি ব্যবহার করিয়া উপকরণ ক্রয় বা আমদানি বা রপ্তানি এবং পণ্য বা সেবা সরবরাহ করিতে হইবে, তবে কেন্দ্রীয় ইউনিটের নাম, ঠিকানা ও নিবন্ধন নম্বর ইত্যাদি ব্যবহার করিয়া কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত যে কোনো ইউনিটে আমদানিকৃত পণ্য সরবরাহ করা যাইবে।”

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( কাজী রেজাউল হাসান )

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)